

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫০

শান্তিরবাজার, ৮ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন ২০২৪

শান্তিরবাজার মহকুমায় ভোটকর্মীদের মহড়া

২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় আসনের নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে আজ শান্তিরবাজার মহকুমায় ভোটকর্মীদের এক মহড়া অনুষ্ঠিত হয়। শান্তিরবাজার কলেজের হলে অনুষ্ঠিত এই মহড়ায় ৩৮-জোলাইবাড়ি (এসটি) বিধানসভা কেন্দ্রের ৬৩টি পোলিং পার্টির ৩১৫ জন ভোটকর্মী অংশ নেন।
